

পিকেএসএফ (PKSF) এর অর্থায়নে পরিচালিত পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) সংস্থার (ENRICH/সমৃদ্ধি) কর্মসূচীর আওতায় শিক্ষা সহায়তা, স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত পদের জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম : এম.আই. এস অফিসার

শিক্ষাগত যোগ্যতা : যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী।

কর্মস্থল : কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলার জাফরাবাদ ইউনিয়ন।

দায়িত্ব ও কর্তব্য :

- সমৃদ্ধি কর্মসূচি'র যাবতীয় তথ্যাদি প্রস্তুত ও সংরক্ষণ করা এবং চাহিদা অনুযায়ী বিভিন্ন এমআইএস সংশ্লিষ্ট প্রতিবেদন তৈরী করা
- সরকারের 'ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র'-এর সাথে সুসম্পর্ক ও সমন্বয় রেখে সদস্যদের কাজক্ষিত সেবা প্রাপ্তি নিশ্চিত করা
- সমৃদ্ধি ও প্রবীণ কর্মসূচি'র বিভিন্ন কার্যক্রমের উপর সাপ্তাহিক/পাঞ্চিক/মাসিক এমআইএস প্রতিবেদন তৈরী করা
- বিভিন্ন খাতে প্রদত্ত ঋণের আলোকে এমআইএস প্রতিবেদন তৈরী করা
- মাঠ পর্যায়ে সমৃদ্ধি কর্মসূচি'র আওতায় চলমান কার্যক্রমের তথ্য লিপিবদ্ধ করা
- শাখা পর্যায়ে সদস্যদের প্রয়োজন অনুযায়ী তথ্য সরবরাহ করার লক্ষ্যে ডিজিটাল তথ্য সেবা পরিচালনায় সহায়তা করা
- সমৃদ্ধি ও প্রবীণ কর্মসূচি'র নিয়মিত Onsite ও Offsite মনিটরিং-এ প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে সহায়তা করা
- কর্মসূচি'র আওতায় ঋণ বিতরণ, পরিশোধ, ঋণস্থিতি, বকেয়া প্রভৃতি সংক্রান্ত দলিল-পত্রাদি সংরক্ষণ করা
- কর্মসূচি'র বার্ষিক পরিকল্পনা, বাজেট ও অন্যান্য প্রতিবেদন তৈরীতে সহায়তা করা
- সমৃদ্ধি কর্মসূচি সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব যথাযথভাবে পালন করা।

অন্যান্য শর্তাবলীঃ

- কম্পিউটারের অফিস প্রোগ্রামের কাজ জ্ঞান থাকতে হবে।
- কম্পিউটারে তথ্য সংরক্ষণ করে সর্বদা আপডেট রাখা এবং রিপোর্ট তৈরী করে সরবরাহ করার কাজে পারদর্শী।
- সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স : সর্বোচ্চ ৪০ বছর

বেতন : সর্বসাকুল্যে ১৭,০০০/-।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি, ২ কপি সদ্য তোলা রঙ্গিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইল নম্বরসহ আবেদনপত্র আগামী ১৭/০৮/২০২৩ তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ই-মেইলেও আবেদন পাঠাতে পারেন। ই-মেইলঃ [hr@popibd.org](mailto:hr@popibd.org)। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।